

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর
চট্টগ্রাম মেট্রোঃ (দক্ষিণ) কার্যালয়
৪৩ আইস ফ্যাক্টরী রোড, চট্টগ্রাম।
E-mail:ems@dnc.gov.bd.


নং-৪৪.০৪.০০০০.০৮৪.০৬.০০২.১০-৬৭০

তারিখ : ০৮/১০/২০২৩ খ্রিঃ।

বিষয় : সুশাসন প্রতিষ্ঠার নিমিত্তে অংশীজনের (stakeholders) অংশগ্রহণ প্রসঙ্গে।

উপর্যুক্ত বিষয়ের আলোকে জানানো যাচ্ছে যে, আগামী ১০/১০/২৩ খ্রিঃ তারিখ সকাল-১১.০০ ঘটিকায় মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর, চট্টগ্রাম মেট্রোঃ (দক্ষিণ) কার্যালয়, চট্টগ্রামের আওতাধীন দেশী মদ/বিলাতীমদ বার/হোটেল বার/ক্লাব বার/রেস্টুরেন্ট বার/(অফ) শপ/বন্ডেড ওয়্যার হাউজ/প্রিকারসর কেমিক্যালস, মাদকদ্রব্য ব্যবহার (ডিডি) লাইসেন্সী ও মাদকাসক্ত নিরাময়/পুনর্বাসন কেন্দ্রের নির্বাহীদের সমন্বয়ে চট্টগ্রাম বিভাগীয় কার্যালয়ের সম্মেলন কক্ষে (০৫ম তলা) জাতীয় শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনা, ২০২৩-২০২৪ এর কর্মস্পাদন সূচকে ১.২ সুশাসন প্রতিষ্ঠার নিমিত্তে অংশীজনের অংশগ্রহণে একটি সভা অনুষ্ঠিত হবে।

উক্ত সভায় যথাসময়ে অংশগ্রহণের জন্য আপনাকে/আপনার প্রতিষ্ঠানের দায়িত্বপ্রাপ্ত একজনকে (যিনি আপনার অনুপস্থিতিতে প্রতিষ্ঠান সমূহের যথাযথভাবে প্রতিনিধিত্ব করতে পারেন) অনুরোধ করা হল।


(মুকুল জ্যোতি চাকর)।
উপপরিচালক
ফোন : ০২-৩৩৩৩৬৩৬৭৪।

১। নির্বাহী পরিচালক/ব্যবস্থাপনা পরিচালক/প্রোপাইটর/সেক্রেটারি

-----চট্টগ্রাম।

অনুলিপি অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে প্রেরণ করা হলো :-

- ০১। অতিরিক্ত পরিচালক, মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর, বিভাগীয় কার্যালয়, চট্টগ্রাম।
- ০২। সহকারী পরিচালক, মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর, চট্টগ্রাম মেট্রোঃ (দক্ষিণ) কার্যালয়, চট্টগ্রাম (তাকে বিষয়টি মনিটরিং করার জন্য নির্দেশনা প্রদান করা হলো)।
- ০৩। প্রসিকিউটর, মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর, চট্টগ্রাম মেট্রোঃ (দক্ষিণ) কার্যালয়, চট্টগ্রাম।
- ০৪। পরিদর্শক (সকল), মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর, চট্টগ্রাম মেট্রোঃ (দক্ষিণ) কার্যালয়, চট্টগ্রাম (তাদেরকে সংশ্লিষ্ট সার্কেলের সকল (stakeholders) দের উপস্থিতির বিষয়টি নিশ্চিত করার জন্য অনুরোধ করা হলো।
- ০৫। অফিস সহকারী, মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর, চট্টগ্রাম মেট্রোঃ (দক্ষিণ) কার্যালয়, চট্টগ্রাম।